

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৫]

৯. নামাযের সময় (كتاب مواقيت الصلاة)

পরিচ্ছেদঃ নামাযের সময় চলে যাওয়ার পর আযান দেয়া

باب الأَذَانِ بَعْدَ ذَهَابِ الْوَقْتِ

আরবী

বাংলা

৩৫৯) আবু কাতাদাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কোন এক সফরে রাতে পথ চলছিলাম। কিছু লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেনঃ হে আল্লাহর রাসূল! শেষ রাতে আমাদেরকে যদি বিশ্রামের সময় দিতেন! (তাহলে খুব ভাল হত)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ আমার আশন্ধা হচ্ছে তোমরা নামাযের সময়েও ঘুমিয়ে থাকবে। তখন বেলাল (রাঃ) বললেনঃ আমি আপনাদেরকে নামাযের জন্য জাগিয়ে দিব। সূত্রাং তারা সকলেই শুয়ে পড়ল। বেলাল (রাঃ) তাঁর উটের সাথে পিঠ ঠেকিয়ে হেলান দিয়ে বসে রইলেন। যখন তাঁর দু'চোখে ঘুম এসে গেল তখন তিনিও ঘুমিয়ে পড়লেন। সকালে সূর্যের কিনারা প্রকাশিত হলে রাসূল সাল্লাল্লাছু আলাইহি ওয়া সাল্লাম ঘুম থেকে জাগ্রত হয়ে বেলালকে বললেনঃ হে বেলাল! তুমি যা বলেছিলে, তা কোথায় গেল? বেলাল বললেনঃ আজকের মত ঘুম আমার কখনও আসেনি। নবী সাল্লাল্লাছু আলাইহি ওয়া সাল্লাম তখন বললেনঃ আল্লাহ যখন ইচ্ছা করেছেন তখন তোমাদের রহগুলো কেরত দিয়েছেন। তুমি দাঁড়াও এবং নামাযের জন্য আয়ান দাও। নবী সাল্লাল্লাছু আলাইহি ওয়া সাল্লাম নামাযের জন্য অযু করলেন। সূর্য যখন কিছু উপরে উঠল এবং ভালভাবে ফর্সা হল তখন তিনি দাঁড়ালেন এবং নামাযে আদায় করলেন।



English

The Adhan for the Salat (prayer) after its stated time is over

Narrated `Abdullah bin Abi Qatada:

My father said, "One night we were traveling with the Prophet (*) and some people said, 'We wish that Allah's Messenger (*) would take a rest along with us during the last hours of the night.' He said, 'I am afraid that you will sleep and miss the (Fajr) prayer.' Bilal said, 'I will make you get up.' So all slept and Bilal rested his back against his Rahila and he too was overwhelmed (by sleep) and slept. The Prophet (*) got up when the edge of the sun had risen and said, 'O Bilal! What about your statement?' He replied, 'I have never slept such a sleep.' The Prophet (*) said, 'Allah captured your souls when He wished, and released them when He wished. O Bilal! Get up and pronounce the Adhan for the prayer.' The Prophet (*) performed ablution and when the sun came up and became bright, he stood up and prayed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন